

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ সেল
www.rdc.gov.bd



বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ের উন্নয়ন

স্মারক নং ৪৭.০০.০০০০.০৪৬.১৬.০১৮.২০.১০৮


তারিখ : ৩১ আষাঢ়, ১৪২৮ বঙ্গাব্দ।
১৫ জুলাই, ২০২১ খ্রিস্টাব্দ।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন) এর অগ্রগতি প্রতিবেদন বিষয়ে নৈতিকতা কমিটির সভা ও ফিডব্যাক সভার কার্যবিবরণী, ৪র্থ কোয়ার্টার এর অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে সদয় জানানো যাচ্ছে যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২০-২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন) এর অগ্রগতি প্রতিবেদন বিষয়ে নৈতিকতা কমিটির সভা ও ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে।

এমতাবস্থায়, নৈতিকতা কমিটির সভা, ফিডব্যাক সভার কার্যবিবরণী, ৪র্থ কোয়ার্টার (এপ্রিল-জুন) এর অগ্রগতি প্রতিবেদন ও প্রমাণক পরবর্তী প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

- সংযুক্তি: ১) অগ্রগতি প্রতিবেদন ০৬ (ছয়) পৃষ্ঠা।
২) কার্যবিবরণী ০৬ (ছয়) পৃষ্ঠা।


২০/০৭/২০২১
(নাহরিন সুলতানা)
সহকারী সচিব
ফোন: ৯৫১৪১৪৫

e-mail: apa.rdc@gmail.com

সচিব,
সমন্বয় ও সংস্কার
মন্ত্রিপরিষদ বিভাগ।
(দৃ:আ: নাহিদ সুলতানা)
সিনিয়র সহকারী সচিব, শুদ্ধাচার শাখা।
মন্ত্রিপরিষদ বিভাগ

অনুলিপি :

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
০২। অতিরিক্ত সচিব (পরিচালনা ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
এপিএ শাখা।

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রেরিত ২০২০-২০২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল ৪র্থ কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি : মো: রেজাউল আহসান,
সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ ও সময় : ১২/০৭/২০২১ (সোমবার) সকাল ১০.০০ মি:।
সভার স্থান : সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ/জুম প্ল্যাটফর্ম।

সভার আলোচনা:

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা সমূহের ২০২০-২০২১ অর্থ-বছরের জাতীয় শুদ্ধাচার কৌশলের উপর ৪র্থ কোয়ার্টার এর অগ্রগতি পর্যালোচনার জন্য নৈতিকতা কমিটির ত্রৈমাসিক 'জুমসভা' ১২/০৭/২০২১ তারিখে অনুষ্ঠিত হয়। সভাপিত সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর তিনি এ বিভাগের NIS-টিম এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ফারহানা হক, উপসচিব-কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন।

আলোচনা:

NIS-এর টিম এর ফোকাল পয়েন্ট কর্মকর্তা জনাব ফারহানা হক, উপসচিব-এ বিভাগের দপ্তর/সংস্থার ২০২০-২০২১ অর্থ-বছরের পরিবীক্ষণ ছক মোতাবেক ৪র্থ কোয়ার্টারের অর্জন প্রতিবেদন উপস্থাপন করেন। তিনি জানান যে, ৩য় কোয়ার্টারের নৈতিকতা কমিটির সভার ১নং হতে ৬নং সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। তিনি অধিনস্থ দপ্তর/সংস্থাগুলোর ২০২০-২০২১ অর্থ বছরের NIS-এর লক্ষ্যমাত্রা অর্জন পৃথকভাবে পর্যালোচনা করেন। ২০২০-২০২১ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কৌশল এর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ১৭টি সূচকে কার্যক্রম রয়েছে। উক্ত কার্যক্রমের লক্ষ্যমাত্রাসমূহ যথাযথভাবে অর্জিত হয়েছে। সভাপতি মহোদয় দপ্তর/সংস্থা সমূহের NIS-এর লক্ষ্যমাত্রা সঠিক ও যথাযথভাবে প্রতিপালনের জন্য আরো সচেতন হওয়ার পরামর্শ প্রদান করেন। দপ্তর/সংস্থাকে জুমের মাধ্যমে মিটিং, প্রশিক্ষণ কার্যক্রম চলমান রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয় যাতে প্রত্যেক দপ্তর/সংস্থা জুম অ্যাপের মাধ্যমে মিটিং, প্রশিক্ষণসহ অন্যান্য সূচকের অগ্রগতি ১০০% নিশ্চিত করতে পারে। দপ্তর/সংস্থা হতে নির্দিষ্ট সময়ের মধ্যে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করার জন্যও তিনি নির্দেশনা প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয় :-

ক) জুমের মাধ্যমে মিটিং, প্রশিক্ষণের আয়োজন করতে হবে;

খ) ২০২১-২০২২ অর্থ বছরের কর্ম পরিকল্পনায় উল্লিখিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের জন্য বছরের শুরু হতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২। সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি মহোদয় সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রেজাউল আহসান)

সচিব

পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ